

# বাংলাদেশ ব্যাংক

Website: www.bangladesh-bank.org  
www.bangladeshbank.org.bd

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার নং-০৪

১০ অগ্রহায়ণ, ১৪১৮ বঙ্গাব্দ  
তারিখঃ -----  
২৪ নভেম্বর, ২০১১ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক-কোম্পানী।

প্রিয় মহোদয়,

## ব্যাংক-কোম্পানীর শেয়ার ধারণ ও পুঁজিবাজারে Exposure প্রসংগে

ব্যাংক-কোম্পানীর শেয়ার ধারণ ও পুঁজিবাজারে Exposure সংক্রান্ত বিষয়ে বিভিন্ন সময়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার/সার্কুলার লেটার ইত্যাদি এর প্রতি ব্যাংকসমূহের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। এ ব্যাপারে অধিকতর ব্যাখ্যা/স্পষ্টীকরণ ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

- ১) (ক) ১৫ জুন, ২০১০ তারিখের ডিওএস সার্কুলার নং-০৪ এ বর্ণিত মার্চেন্ট ব্যাংকিং ও ব্রোকারেজ কার্যক্রমের উদ্দেশ্যে গঠিত ব্যাংকের নিজস্ব সাবসিডিয়ারী কোম্পানীতে উক্ত ব্যাংক-কোম্পানী কর্তৃক প্রদত্ত মূলধন ঐ ব্যাংকের পুঁজিবাজার Exposure হিসাবায়নের ক্ষেত্রে অন্তর্ভুক্ত হবেনা।  
(খ) কোন কোম্পানীতে কোন ব্যাংক-কোম্পানীর দীর্ঘ মেয়াদী equity investment উক্ত ব্যাংক-কোম্পানীর পুঁজিবাজার Exposure হিসাবায়নের ক্ষেত্রে অন্তর্ভুক্ত হবেনা।
- ২) মার্চেন্ট ব্যাংকিং ও ব্রোকারেজ কার্যক্রমের উদ্দেশ্যে গঠিত নিজস্ব সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত Single Borrower Exposure Limit এর অতিরিক্ত বিদ্যমান ঋণ বিআরপিডি সার্কুলার নং-৫/২০০৫ অনুযায়ী নির্ধারিত সীমার মধ্যে নামিয়ে আনার জন্য ইতোপূর্বে প্রদত্ত সময়সীমা ৩১/১২/২০১২ এর স্থলে ৩১/১২/২০১৩ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।
- ৩) পুঁজিবাজারে ব্যাংক এর বিনিয়োগ হতে উদ্ভূত কোন ক্ষতির জন্য প্রতিশন সংরক্ষণের ক্ষেত্রে gain/loss net off করে প্রতিশন সংরক্ষণ করা যাবে।
- ৪) বৈদেশিক প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীর ক্ষেত্রে সংশ্লিষ্ট বিদেশী ব্রোকারেজ ফার্মকে প্রদেয় কমিশন প্রামাণিক কাগজপত্র/দলিলাদি দাখিল সাপেক্ষে দ্রুত প্রেরণের অনুমতি প্রদানের ব্যবস্থা নেয়া হবে।  
উপরোক্ত নির্দেশনাগুলো অবিলম্বে কার্যকর হবে।  
অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(কে এম গাওঁজ্জামান)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৩৭৬